পিতামাতার শ্রীচরণে
উৎসর্গীকৃত
হইল

বিষয়-সূচী

ভূমিকা

পঞ্জিকার মধ্যে উপযোগিতা হিসাবে তিথিই সর্বশ্রেষ্ঠ। সূর্য হইতে চন্দ্রের কৌণিক দূরত্ব দ্বাদশাংশ পূর্ণ হইলেই এক এক তিথ্যন্ত হইয়া থাকে। সেইজন্য তিথ্যন্তকাল গণনা করিতে হইলে রবি ও চন্দ্রের স্পষ্টাবস্থান ও তাহাদের দিনগতি জানা আবশ্যক। অতি প্রাচীনকালে অর্থাৎ বৈদিককালে সম্ভবতঃ এভাবে তিথি গণনা হইত না, তখন প্রথমে একবার অমান্ত-কাল নির্ণয় করিয়া তৎপর প্রতিদিন এক তিথি করিয়া বাড়াইয়া দেওয়া হইত অথবা মধ্যম মানে তিথি গণনা করিয়া মধ্যে মধ্যে অর্থাৎ ৬১টি তিথির পরে একটি অধিক তিথি গ্রহণ করা হইত। পাশ্চাত্ত্য দেশে তিথিগণনার প্রচলন নাই, সেখানে Age of the moon দ্বারা তিথির উদ্দেশ্য সাধিত হইয়া থাকে। অমান্তকালের পর প্রতিদিন Moon's age এক করিয়া বৃদ্ধি পাইয়া থাকে। ইহা অনেকটা আমাদের প্রাচীন পদ্ধতির অনুরূপ। যাহা হউক, বর্তমানে যেভাবে তিথ্যাদি গণনা হয় তাহাই আমাদের বিবেচ্য বিষয়। বঙ্গদেশে যে সকল প্রাচীনপন্থী পঞ্জিকা আছে তাহাতে দিনচন্দ্রিকা অথবা দিনকৌমুদী অনুসারে তিথ্যাদি গণিত হইয়া থাকে। উক্ত গ্রন্থদ্বয় সূর্যসিদ্ধান্ত অনুসারে রচিত। সূর্যসিদ্ধান্তে চন্দ্রের একটিমাত্র সংস্কারের ব্যবস্থা থাকায় উক্ত গ্রন্থদ্বয়ের গণনাফল প্রকৃত তিথ্যন্ত হইতে বহু দূরবর্তী। ভারতে চন্দ্রের অন্যান্য সংস্কারও আবিষ্কৃত হইয়াছিল। মুঞ্জাল ও শ্রীপতি চন্দ্রে যে সকল সংস্কারের কথা বলিয়া গিয়াছেন যদি সেগুলিও গ্রহণ করা হইত তাহা হইলে তিথ্যন্তে এত অধিক ভ্রম দৃষ্ট হইত না। বর্তমান গ্রন্থকার শ্রীযুক্ত নির্মলচন্দ্র লাহিড়ী পাশ্চাত্ত্যদেশে চন্দ্রের যে সকল সংস্কার আবিষ্কৃত হইয়াছে তাহার প্রায় সকলগুলিই লইয়া তিথি ও নক্ষত্রের সূত্র (formula) রচনা করিয়াছেন। এই গ্রন্থানুসারে তিথিনক্ষত্র গণনা করিলে তাহাতে প্রায়শই ২।১ পলের অধিক ভ্রম পরিদৃষ্ট হইবে না। তিথির ও নক্ষত্রের সূত্র দুইটিকে পরিবর্তন করিয়া অংশাদির স্থলে দণ্ডাদিতে ফল আনয়ন করিতে গ্রন্থকারকে যে বিপুল পরিশ্রম স্বীকার করিতে হইয়াছে তাহা বিশেষ প্রশংসার যোগ্য। যদিও গ্রন্থখানি দিনচন্দ্রিকা প্রভৃতি গ্রন্থের ছায়া অবলম্বনে রচিত তথাপি বহু-পদ-বিশিষ্ট চন্দ্রের সূত্রটিকে যেভাবে পরিবর্তিত করা হইয়াছে তাহাতে যথেষ্ট অভিনবত্ব রহিয়াছে। অন্য কোথাও এই প্রকারের গ্রন্থ আর আছে কিনা জানি না, কিন্তু বঙ্গদেশে তিথ্যাদি বিষয়ে এই প্রকারের গ্রন্থ ইহাই প্রথম। গ্রন্থকারের লিখিত উপক্রমণিকায় রবিচন্দ্রের গতি-সম্বন্ধীয় যে সকল বিষয় আলোচিত হইয়াছে তাহা জ্যোতির্বিদ্‌মাত্রেরই পঠনীয়। বর্তমানে পাশ্চাত্ত্য দেশে যাঁহাদিগকে authority বলিয়া গণ্য করা হয়, তাঁহাদের অর্থাৎ Newcomb ও Brown সাহেবের প্রদত্ত সূত্র অনুসারে এই গ্রন্থ রচিত হওয়ায় ইহার গণনা-ফল আগামী বহু বর্ষ ধরিয়া প্রত্যক্ষের সহিত মিলিতে থাকিবে এরূপ আশা করা যাইতে পারে।

গ্রন্থখানি পাণ্ডুলিপি অবস্থায় যে প্রকার বিস্তারিতভাবে রচিত ছিল, সেই অবস্থায় নানা কারণে মুদ্রিত করা সম্ভবপর হইয়া উঠিল না। কিন্তু আশা করি, তজ্জন্য পাঠকগণের বিশেষ কোন অসুবিধা হইবে না। এই গ্রন্থে তিথি গণনায় ২৬টি ও নক্ষত্র গণনায় ২৫টি ভিন্ন ভিন্ন সংস্কার লইয়া গণনার ব্যবস্থা করা হইয়াছে। ইহা অপেক্ষা কম পদ লইলে সূক্ষ্মতার কিছু হানি ঘটিত। যোগ গণনার সারণীসমূহ তিথি নক্ষত্রের মত না হইয়া সম্পূর্ণ ভিন্ন পদ্ধতিতে রচিত হইয়াছে।

বহুকাল ধরিয়া এদেশে পঞ্জিকা সংস্কারের কথা চলিতেছে এবং সে সম্বন্ধে যে সকল প্রশ্ন ছিল বহু সভায় সে বিষয়ে শেষ সিদ্ধান্তও হইয়া গিয়াছে। ভারতীয় পদ্ধতিতে রচিত উপযুক্ত গ্রন্থের অভাবই পঞ্জিকা সংস্কারের পক্ষে বাধা স্বরূপ হইয়া আছে, এইরূপ শুনিতে পাওয়া যায়। এই গ্রন্থ প্রকাশে আশা করি সে বাধা অপসারিত হইবে। এখন যদি পঞ্জিকাগুলির কর্তৃপক্ষ তাঁহাদের ভ্রান্তমত পরিত্যাগ করিয়া প্রকৃত দৃগ্‌গণিতৈক্য তিথ্যাদি প্রকাশ করিতে থাকেন এবং তদনুসারে ধর্মের ব্যবস্থা সকল দিতে থাকেন তাহা হইলে হিন্দু জনসাধারণ বাধ্য হইয়া অকালে শ্রাদ্ধাদি ও দৈব কার্যাদি করার ফলে যে বিফলশ্রম হইতেছেন, তাহা হইতে রক্ষা পাইতে পারেন।

জ্যোতিষ শাস্ত্র ভারতীয় সভ্যতার একটি উচ্চ নিদর্শন। সেই জন্য জ্যোতির্বিদ্যা সম্বন্ধীয় এই গ্রন্থকে ইন্‌স্টিটিউটের কর্তৃপক্ষ অতি সমাদরে ইন্‌স্টিটিউটের প্রকাশিত গ্রন্থাবলীর মধ্যে স্থান দিয়াছেন। ইহাতে যে কাগজ লাগিয়াছে তাহার অধিকাংশ শ্রীযুক্ত শরৎকুমার মিত্র বি-এল মহাশয় প্রদান করিয়াছেন। এই গ্রন্থ দ্বারা কাহারও কিছুমাত্র উপকার হইলে গ্রন্থকার ও ইণ্ডিয়ান্ রিসার্চ ইন্‌স্টিটিউটের কর্তৃপক্ষ তাঁহাদের শ্রম ও অর্থব্যয় সার্থক মনে করিবেন। ইতি—

ইণ্ডিয়ান্ রিসার্চ ইন্‌স্টিটিউট্
কলিকাতা
বৈশাখী পূর্ণিমা, ১৩৪৭

শ্রীসতীশচন্দ্র শীল

Preface to the Second Edition

The book was first published in 1940, and copies were sold out within a few years. Thereafter the book remained out of print for many years past which has necessitated the issue of this second edition. In doing so I take the advantage of adding an Appendix giving tables for the calculation of New moon and Full moon times only on the basis of the English calender covering a much longer period.

17, Brindaban Mullick 1st Lane
Calcutta-9
1st November, 1965

N. C. Lahiri

উপক্রমণিকা

বার, তিথি, নক্ষত্র, যোগ ও করণ এই পঞ্চ অঙ্গ বিশিষ্ট বলিয়া পঞ্জিকাকে পঞ্চাঙ্গ বলা য়। এগুলির মধ্যে তিথিই সর্বশ্রেষ্ঠ, তৎপর নক্ষত্র ও যোগ। তিথি সম্বন্ধে সূর্যসিদ্ধান্তের ক্তি এই:—"অর্কাদ্বিনিঃসৃতঃ প্রাচীং যদ্ যাত্যহরহঃ শশী। তচ্চান্দ্রমানমংশৈস্তু জ্ঞেয়া াদশভিস্তিথিঃ॥" সূর্য হইতে চন্দ্রের অন্তর ১২° অংশ পূর্ণ হইলেই এক তিথি শেষ হয়। সইরূপ নিরয়ণ আদিবিন্দু হইতে গণনায় চন্দ্রের স্ফুট ১৩° ২০′ হইলেই এক নক্ষত্রান্ত হয়, এবং বিস্ফুট ও চন্দ্রস্ফুটের সমষ্টি ১৩° ২০′ হইলে এক এক যোগান্ত। রবি ও চন্দ্রের স্ফুট গণনা করিয়া তৎপর তিথি নক্ষত্র প্রভৃতি গণনা করা যায়—সূর্যসিদ্ধান্তাদি গ্রন্থে সেইরূপ উপদেশই হিয়াছে। ইহাতে রবি ও চন্দ্রের সূক্ষ্ম অবস্থান পৃথক্‌রূপে নিরূপণ করিয়া তৎপর তিথিনক্ষত্র প্রভৃতি গণনা করিতে হয়। এই পদ্ধতি অনুসারে গণনায় অন্তঃক্ষেপণ সংস্কার (Interpola-tion) প্রয়োগ না করিলে সূক্ষ্ম তিথ্যন্ত নিরূপিত হয় না। এই শ্রমবহুল পদ্ধতির পরিবর্তে দিনচন্দ্রিকাকার রাঘবানন্দ চক্রবর্তী ও দিনকৌমুদীকার রামচন্দ্র শর্মা ভিন্ন প্রকার উপায়ে তাঁহাদের গ্রন্থ রচনা করিয়াছেন। উহাতে রবি বা চন্দ্রের স্ফুট কিছুই গণনা করিতে হয় না, কয়েকটি সারণীর ফল গ্রহণ করিলে একেবারেই তিথ্যন্ত দণ্ডাদি নিরূপিত হয়। বর্তমান গ্রন্থে তাঁহাদেরই পদ্ধতি অনুসরণ করিয়া সারণীসমূহ রচিত হইয়াছে। কিন্তু 'মান্দ্যং কর্মৈক মর্কেন্দোঃ' বচনানুসারে ঐ সকল গ্রন্থে একটি মাত্র সারণীর ফল গ্রহণ করিয়া তিথ্যাদি গণনার ব্যবস্থা হইয়াছে, অপর পক্ষে বর্তমানে চন্দ্রের বহুবিধ সংস্কার আবিষ্কৃত হওয়ায় এই গ্রন্থে তিথ্যাদি গণনায় অনেকগুলি সারণীর ফল গ্রহণ অপরিহার্য হইয়া পড়িয়াছে। বর্তমান গ্রন্থের সারণীসমূহ আরও দীর্ঘ করিতে পারিলে গণনার সময়ে ফল গ্রহণে অনেক সুবিধা হইত। উক্ত আকারে সারণীসমূহ রচিত থাকিলেও নানা কারণে মুদ্রিত করা সম্ভবপর হইল না, পাঠকগণ তজ্জন্য ক্ষমা করিবেন। যাঁহারা প্রাত্যহিত তিথ্যাদি গণনা করিবেন, তাঁহারা যদি সারণীগুলিকে সম্প্রসারিত করিয়া রাখেন তবে তাঁহাদের পরিশ্রম বহুল পরিমাণে লাঘব হইবে। এক্ষণে যে সকল সূত্র (formula) অবলম্বন করিয়া মধ্যাবস্থানের সারণী ও সংস্কার-ফলসারণীসমূহ রচিত হইয়াছে তাহার বিস্তারিত বিবরণ প্রদত্ত হইতেছে।

অয়নাংশ—চিত্রাতারকার মধ্যাবস্থানকে ১৮০° অংশ বলিয়া গ্রহণ করিলে নিম্নরূপ অয়নাংশের সূত্র পাওয়া যায়:—

মধ্যম অয়নাংশ* $= 22^\circ 26' 45''.50 + 50''.25748T + 0''.00011115T^2$

এস্থলে T = ১৯০০ খ্রীঃ অব্দের ১লা জানুয়ারী ভারতীয় স্ট্যাণ্ডার্ড সময় অপরাহ্ণ ঘঃ ৫।৩০ মিনিট (অর্থাৎ গ্রীনউইচ মধ্যাহ্ন) হইতে গণনায় ইষ্টকাল পর্যন্ত ৩৬৫.২৫ দিনাত্মক বর্ষসংখ্যা (Julian year)। **অতঃপর সর্বত্রই উক্ত অর্থে T ব্যবহৃত হইবে।** উক্ত ১লা জানুয়ারী তারিখে জুলিয়ান দিন সংখ্যা = ২৪১৫০২১ এবং তৎপূর্ব মধ্যরাত্রে কলিগত দিন = ১৮২৬৫৫৫

* এই অয়নাংশের সহিত ৫২″.২ বিকলা যোগ করিলে ভারত সরকার কর্তৃক গৃহীত অয়নাংশ হইবে। এজন্য নিরয়ণ মধ্যম রবি ও চন্দ্র হইতে উক্ত ৫২″.২ বিয়োগ করা আবশ্যক।

এই সূত্র হইতে লব্ধ মধ্যম অয়নাংশে অক্ষ-বিচলন (nutation) জনিত সংস্কার প্রয়োগ করিলে স্পষ্ট অয়নাংশ হয়। প্রধান পদ (term) কয়েকটি মাত্র লইয়া

Nutation $= -17''{\cdot}23$ Sin (সায়নরাহু) $+0''{\cdot}21$ Sin (দ্বিগুণিত সায়নরাহু) $-1''{\cdot}27$ Sin (দ্বিগুণিত সায়ন রবি)।

রবি : নিরয়ণ মধ্যম রবি=

$$S_0 = 258^\circ\ 14'\ 10''{\cdot}87 + 1295977''{\cdot}4238T - 0''{\cdot}023\left(\frac{T}{100}\right)^2$$

ইহা হইতে নিরয়ণ বর্ষমান লব্ধ হয়= '৬৫'২৫৬৩৬২৭ দিন অর্থাৎ ৩৬৫ দিন ১৫দং ২২'৯০৫৮ পল।

সংক্রান্তি গণনার প্রথম সারণী হইতে যে সংক্রান্তি বারাদি পাওয়া যায় তাহা মধ্যম রবির মেষ-প্রবেশকাল। ইহাতে দীর্ঘকালাবর্ত একটি সংস্কার (long period term) প্রয়োগ করিতে হয়, তাহা দ্বিতীয় সারণীতে রহিয়াছে। উহার পরম মান ৬'৪ বিকলা। চতুর্থ সারণীতে রবির মন্দফল সংযুক্ত রহিয়াছে।

মন্দফল $= (6904''{\cdot}6 - 17''{\cdot}59t)$ Sin $g' + 72''{\cdot}2$ Sin $2g' + 1''{\cdot}0$ Sin $3g'$

এস্থলে t = ১৮৫০ শক হইতে গণনায় ইষ্ট শক পর্যন্ত শতাব্দী সংখ্যা এবং g' = রবিকেন্দ্র (Sun's mean anomaly) = রবি—রবিমন্দনীচ (Perigee)।

$$\text{মন্দনীচ} = \pi' = 258^\circ\ 46'\ 29''{\cdot}67 + 11''{\cdot}6328T + 0''{\cdot}52\left(\frac{T}{100}\right)^2$$

রবির পরম মন্দফল বৎসরে ০'১৭৫৯ বিকলা করিয়া হ্রাস পাইতেছে, এই মন্দফলান্তর ও মন্দোচ্চের গতিজনিত ফলান্তর শতবার্ষিক ভেদ নামে প্রদত্ত হইয়াছে। লব্ধ সংক্রান্তি বারাদিতে বৃহস্পতি এবং শুক্রের আকর্ষণজনিত সংস্কার এবং তিথিজনিত একটি সংস্কার প্রয়োগ করিলে স্পষ্ট সংক্রান্তিকাল লব্ধ হয়। বৃহস্পতি ও শুক্রের আকর্ষণের প্রধান পদ কয়েকটি মাত্র লওয়া হইয়াছে। অন্যান্য গ্রহের আকর্ষণফল অতি অল্প বলিয়া তাহা উপেক্ষা করা হইয়াছে। ইহা ব্যতীত রবিতে অপেরণ (aberration) সংস্কার করিতে হয়, তাহার মধ্যম মান −২০'৫ বিকলা। ইহা চতুর্থ সারণীতে প্রযুক্ত রহিয়াছে।

চন্দ্র : নিরয়ণ মধ্যম চন্দ্র=

$$M_0 = 261^\circ\ 10'\ 1''{\cdot}24 + 17325593''{\cdot}8031T + 6''{\cdot}03\left(\frac{T}{100}\right)^2 + 0''{\cdot}0067\left(\frac{T}{100}\right)^3$$

৩৬৫'২৫ দিনে চন্দ্রের গতি ১৭৩২৫৫৯৩'৮০৩১ বিকলা গ্রহণ করিলে মধ্যম নক্ষত্রমান পাওয়া যায়=দং ৬০।৪২'৮৮৮১২৯৪ পল।

সুতরাং ২৭ নক্ষত্রমান অর্থাৎ চন্দ্রের ভভ্রমকাল=২৭'৩২১৬৬০৯৭০৫ দিন। ৩৬১ নক্ষত্রে দিনাদি=৩৬৫।১৮।২'৬১৪৭ পল। ইহা বর্ষমান অপেক্ষা দং ২।৩৯'৭ পল অধিক। সুতরাং প্রতি বৎসরে ৩৬১টি করিয়া নক্ষত্র ধরিলে ২২'৮ বৎসরে একটি নক্ষত্র কম ধরিতে হয়। নক্ষত্রের

যে মান কথিত হইল তাহা ১৯০০ খ্রী: অব্দের জন্য, তাহার পর ক্রমেই উক্ত মান অতি ধীর গতিতে হ্রাস পাইতেছে। এই গ্রন্থে ১৮৫০ শকাব্দের (অর্থাৎ ১৯২৮ খ্রী° অব্দের) জন্য মান ব্যবহার করা হইয়াছে। এই সময়ে নক্ষত্রমান = দং ৬০।৪২'৮৮৮১২২৩ পল।

নক্ষত্রের শতবার্ষিক সংস্কারের মধ্যে $6''03 \left(\frac{T}{100}\right)^2$ পদটি ব্যতীত দীর্ঘকালাবর্ত ২টি সংস্কার গ্রহণ করা হইয়াছে, উহাদের পরমমান প্রত্যেকটির ১৪ বিকলা করিয়া। তন্মধ্যে একটি দীর্ঘকালাবর্ত শুক্রাকর্ষণ, অন্যটি Empirical term. শতবার্ষিক সংস্কারটি ১৮৫০ শক অর্থাৎ ১৯২৮ খ্রী° অব্দ হইতে গণনা করা হইয়াছে।

তিথি—সাধারণভাবে চন্দ্র হইতে রবি বিয়োগ করিয়া অংশ কলাকে 'তিথি' শব্দ দ্বারা প্রকাশ করিলে মধ্যম তিথি =

$$M_\circ - S_\circ = 2°55'50''37 + 16029616''3793T + 6''05\left(\frac{T}{100}\right)^2 + 0''0068 \left(\frac{T}{100}\right)^3$$

৩৬৫'২৫ দিনে তিথির গতি ১৬০২৯৬'৩৭৯৩ বিকলা গ্রহণ করিলে মধ্যম তিথিমান পাওয়া যায় = দং ৫৯।৩'৬৭০৫৮১৭ পল।

৩০ তিথি অর্থাৎ চান্দ্রমাসমান = ২৯'৫৩০৫৮৮১৮১২ দিন। ৩৭১ তিথিতে দিনাদি ৩৬৫।১১।৪১'৭৮৫৮ পল। ইহা বর্ষমান অপেক্ষা দং ৩।৪১'১ পল কম, সুতরাং প্রতি বৎসরে ৩৭১টি করিয়া তিথি ধরিলে ১৬'০ বৎসরে একটি তিথি অধিক ধরিতে হয়। তিথির যে মান প্রদত্ত হইল তাহা ১৯০০খ্রী' অব্দের জন্য, তাহার পর ক্রমেই উক্ত মান অতি ধীর গতিতে হ্রাস পাইতেছে। এই গ্রন্থে ১৮৫০ শকাব্দের জন্য তিথিমান দং ৫৯।৩'৬৭০৫৭৬০ পল ব্যবহার করা হইয়াছে।

তৃতীয় সারণীতে শত-বার্ষিক সংস্কার রহিয়াছে। চন্দ্রের শত-বার্ষিক সংস্কার হইতে রবির সংস্কার বাদ দিয়া তাহাতে aberration সংস্কার ২০'৫ বিকলা যোগ করিলে তিথিতে শত-বার্ষিক সংস্কার হয়। প্রথমে সংস্কারগুলিকে বিকলা করিয়া লইয়া তাহাকে যথাক্রমে রবির, চন্দ্রের ও তিথির এক পলে যাহা গতি তাহা দ্বারা ভাগ করিয়া ঋণচিহ্ন যুক্ত করত: সারণীসমূহে প্রদত্ত হইয়াছে।

সংক্রান্তি, তিথি বা নক্ষত্রের মধ্যম কালগুলিতে ষ্ট্যাণ্ডার্ড ৬ ঘটিকা হইতে গণনায় যে দণ্ডাদি পাওয়া যায়, তাহাই দেওয়া হইয়াছে। সুতরাং ষ্ট্যাণ্ডার্ড সময়ের সহিত স্থানীয় সময়ের যে পার্থক্য তাহাই দেশান্তর বলিয়া গ্রহণ করিয়া প্রয়োগ করিবার ব্যবস্থা করা হইয়াছে। দেশান্তর সংস্কার প্রয়োগ না করিলে ষ্ট্যাণ্ডার্ড ৬ ঘটিকা হইতে গণনায় তিথ্যাদি লব্ধ হইবে।

উপরে প্রদত্ত ও নিম্নোক্ত রবিচন্দ্রের স্থিরাঙ্ক সমূহ Newcomb এবং Brown সাহেবের মতানুযায়ী প্রদত্ত হইল। অত:পর চন্দ্রে যে সকল সাময়িক সংস্কার প্রদর্শিত হইতেছে তাহা Delaunay-র মতানুযায়ী এবং R. Radau সাহেবের সারণী হইতে গৃহীত।

মধ্য হইতে স্পষ্ট আনয়ন

মধ্যম চন্দ্রে কি কি সংস্কার প্রয়োগ করিলে স্পষ্ট চন্দ্র হয় এবং মধ্যম তিথি নক্ষত্রে কিরূপ সংস্কার প্রয়োগ করিতে হয় তাহা এক্ষণে বিবৃত হইতেছে। ধরা যাউক—

$g = M_{\circ} - \pi$ = চন্দ্র কেন্দ্র* অর্থাৎ মধ্যম চন্দ্র − চন্দ্রমন্দনীচ।

$g' = S_{\circ} - \pi'$ = রবি কেন্দ্র* অর্থাৎ মধ্যম রবি − রবিমন্দনীচ।

$D = M_{\circ} - S_{\circ}$ = মধ্যম তিথি অর্থাৎ মধ্যম চন্দ্র − মধ্যম রবি।

$F = M_{\circ} - ☊$ = বিপাত চন্দ্র অর্থাৎ মধ্যম চন্দ্র − মধ্যম রাহু †।

পূর্বোক্ত অর্থে যদি T ব্যবহার করা যায়, তাহা হইলে—

$$g = 309^{\circ}10'19''.29 + 17179158''.8354T + 44''.31\left(\frac{T}{100}\right)^2 + 0''.052\left(\frac{T}{100}\right)^3$$

$$g' = 359^{\circ}27'41''.20 + 1295965''.7910T - 0''.54\left(\frac{T}{100}\right)^2 - 0''.012\left(\frac{T}{100}\right)^3$$

$$D = 2^{\circ}55'50''.37 + 16029616''.3793T + 6''.05\left(\frac{T}{100}\right)^2 + 0''.0068\left(\frac{T}{100}\right)^3$$

$$F = 24^{\circ}28'57''.58 + 17395273''.1729\,T - 0''.34\left(\frac{T}{100}\right)^2 - 0''.001\left(\frac{T}{100}\right)^3$$

এই গ্রন্থে উপকরণসমূহ ১৯০০ খ্রী' অব্দের ১লা জানুয়ারী অপরাহ্ণ ঘ: ৫।৩০ মিনিটের জন্য ব্যবহার না করিয়া তৎপরিবর্তে ১৯২৮ খ্রী' অব্দ ১৩ই এপ্রিল অর্থাৎ ১৮৫০ শক ১লা বৈশাখের পূর্বদিন শুক্রবার প্রাতঃ ঘ ৬।০ ষ্ট্যাণ্ডার্ড সময়ের জন্য গণনা করিয়া লইয়া ব্যবহার করা হইয়াছে। উক্তকাল ১৯০০ খ্রীঃ অব্দ ১লা জানুয়ারী অপরাহ্ণ ঘ: ৫।৩০ মিনিট হইতে ২৮ বৎসর ১০১ দিন ১২ ঘ: ৩০ মিনিট পরবর্তী।

কোনও সময়ের মধ্যম চন্দ্র ও তৎকালের উপকরণসমূহ জানা থাকিলে নিম্নোক্ত সূত্র হইতে স্পষ্ট চন্দ্র পাওয়া যায়।

যদি M = স্পষ্টচন্দ্র এবং $M_{\circ}$ = মধ্যমচন্দ্র, তাহা হইলে—

$$\begin{aligned}M = M_{\circ} &+ 22639''.7 \text{ Sin } g + 769.0 \text{ Sin } 2g + 36.1 \text{ Sin } 3g + 1.9 \text{ Sin } 4g \\ &+ 4586.3 \text{ Sin } (2D - g) + 30.9 \text{ Sin } (4D - 2g) \\ &- 125.1 \text{ Sin } D + 2369.9 \text{ Sin } 2D + 14.0 \text{ Sin } 4D \\ &- 668.9 \text{ Sin } g' - 7.4 \text{ Sin } 2g' + 18.6 \text{ Sin } (g - D) - 211.7 \text{ Sin } (2g - 2D) \\ &+ 206.1 \text{ Sin } (2D - g - g') + 192.0 \text{ Sin } (2D + g) + 165.3 \text{ Sin } (2D - g') \\ &+ 148.2 \text{ Sin } (g - g') - 109.7 \text{ Sin } (g + g') - 85.3 \text{ Sin } (2F - g) \\ &- 58.9 \text{ Sin } (2F - 2D) + 38.5 \text{ Sin } (4D - g) - 28.4 \text{ Sin } (2D - g + g')\end{aligned}$$

* ভারতী জ্যোতিঃশাস্ত্রে যাহাকে মন্দকেন্দ্র বলে তাহার সহিত ইহার অন্তর ১৮০ অংশ।

† স্পষ্ট রাহুর অবস্থানের সহিত মধ্যম রাহুর সামান্য পার্থক্য থাকে।

$-24{\cdot}5 \text{ Sin } (2D+g') + 18{\cdot}0 \text{ Sin } (D+g') - 8{\cdot}5 \text{ Sin } (D+g)$

$+14{\cdot}4 \text{ Sin } (2D+2g) + 14{\cdot}7 \text{ Sin } (2D+g-g')$

$-13{\cdot}3 \text{ Sin } (3g-2D) - 9{\cdot}8 \text{ Sin } (2F-2D+g) + 9{\cdot}7 \text{ Sin } (2g-g')$

$-8{\cdot}6 \text{ Sin } (2g-2D+g') + 8{\cdot}1 \text{ Sin } (2D-2g') - 7{\cdot}7 \text{ Sin } (2g+g')$

$-7{\cdot}7 \text{ Sin } (-\Omega) + 7{\cdot}5 \text{ Sin } (2D-g-2g') - 6{\cdot}5 \text{ Sin } (2D-2F+g)$

$+4{\cdot}4 \text{ Sin } (4D-g-g') - 3{\cdot}2 \text{ Sin } (3D-g) + \text{etc.}$

$-416{\cdot}9 \text{ Sin } 2F'$

এস্থলে F' = উপরোক্ত সংস্কারযুক্ত স্পষ্টচন্দ্র − মধ্যম রাহু।

ইহা দ্বারা চন্দ্রস্পষ্ট গণনা করা যাইতে পারে। স্পষ্ট নক্ষত্রান্তকাল এই সূত্রদ্বারা গণনা করা সম্ভবপর নহে; কেননা যদি পূর্ব হইতে স্পষ্ট নক্ষত্রান্তকাল জানা থাকে, মাত্র তাহা হইলে তৎকালের উপকরণ সমূহ দ্বারা মধ্যম চন্দ্র হইতে স্পষ্ট চন্দ্রসাধন করিলে চন্দ্রস্ফুট ১৩° ২০′ কলার কোন গুণিতক হইবে। ইহাতে নক্ষত্রান্তকাল জ্ঞাত থাকা প্রয়োজন, সুতরাং অজ্ঞাত নক্ষত্রান্তকালকে জানিতে হইলে সূত্রটির পরিবর্তন সাধন আবশ্যক। কি করিয়া সূত্রটির পরিবর্তন করা হইয়াছে তাহা নিম্নে প্রদর্শিত হইল। পরিবর্তন প্রণালী দেখাইবার পূর্বে আবশ্যকীয় কয়েকটি স্থিরাঙ্কের মান প্রদত্ত হইতেছে:—

দৈনিক চন্দ্র গতি $= m = 13° \, 10' \, 34''{\cdot}89 = 47434''{\cdot}89$

অন্যান্য দৈনিক গতি:—

$\Delta g = 13° \, 3' \, 53''{\cdot}97 = 47033''{\cdot}97 = 0{\cdot}2280272$ radians

$\Delta g' = 0° \, 59' \, 8''{\cdot}16 = 3548''{\cdot}16 = 0{\cdot}0172020$ „

$\Delta D = 12° \, 11' \, 26''{\cdot}70 = 43886''{\cdot}70 = 0{\cdot}2127688$ „

$\Delta F = 13° \, 13' \, 45''{\cdot}66 = 47625''{\cdot}66 = 0{\cdot}2308957$ „

ধরা যাউক যে মধ্যম নক্ষত্রান্তকালে উপকরণ সমূহের মান জানা আছে, তাহা হইলে সুবিধার জন্য নিম্নোক্তভাবে সূত্রটি লিখিলে—

$M = M_0 + a \text{ Sin } A + b \text{ Sin } B +$ প্রভৃতি

ইহার যতকাল পরে স্পষ্ট নক্ষত্রান্ত হয় তাহাকে t দ্বারা প্রকাশিত করা হইতেছে। এস্থলে t-কে দিনের দশমিকে লওয়া হইল। এবং ΔA প্রভৃতি দ্বারা A প্রভৃতির দিনগতি বুঝাইবে। উপকরণগুলিও ইষ্টকালের জন্য পরিবর্তন করিয়া লইতে হইল। সুতরাং

$M = M_0 + mt + a \text{ Sin } (A + \Delta A.t) + b \text{Sin } (B + \Delta B.t)$ প্রভৃতি। স্পষ্ট নক্ষত্রান্তকালে চন্দ্রস্ফুট মধ্যম নক্ষত্রান্তকালের মধ্যমচন্দ্রের তুল্য, সুতরাং সেক্ষেত্রে $M = M_0$, তাহা হইলে

$0 = mt + a \text{ Sin } (A + \Delta A.t) + b \text{ Sin } (B + \Delta B.t) +$ প্রভৃতি

$\therefore \; t = -\frac{a}{m} \text{ Sin } (A + \Delta A.t) - \frac{b}{m} \text{ Sin } (B + \Delta B.t) -$ প্রভৃতি

ইহা হইতে t-এর মান নির্ণয় করিলেই মধ্যম নক্ষত্রান্তকালের কত সময় পরে স্পষ্ট নক্ষত্রান্ত হইতেছে জানা যাইবে। কিন্তু দেখা যাইতেছে, সূত্রটির মধ্যে t এরূপভাবে জড়িত রহিয়াছে যে, সহজ নিয়মে ইহার সমাধান করা সম্ভবপর নহে। সুতরাং শ্রমসাধ্য 'অসকৃৎ' প্রক্রিয়ায় (method of successive approximation) ইহার সমাধান করা যাইতেছে।

প্রথম আসন্নমান ঃ—

$$t = -\cdot477268 \operatorname{Sin} g - \cdot096686 \operatorname{Sin} (2D - g) - \cdot049962 \operatorname{Sin} 2D$$

দ্বিতীয় আসন্নমান ঃ—

$$t = -\cdot477268 \operatorname{Sin} [g - \cdot228027\{\cdot477268 \operatorname{Sin} g + \cdot096686 \operatorname{Sin} (2D - g) + \cdot049962 \operatorname{Sin} 2D\}]$$

$$- \cdot096686 \operatorname{Sin} \{(2D - g) - \cdot197511 \times \cdot477268 \operatorname{Sin} g\}$$

+ প্রভৃতি + কতকগুলি নূতন ক্ষুদ্রতর পদ।

এই সূত্রকে বন্ধনীমুক্ত করিয়া ত্রিকোণমিতির নিয়মানুসারে সরলীকৃত করিলে নিম্নোক্তরূপ t-এর মান পাওয়া যায়।

$$t = -\cdot476913 \operatorname{Sin} g - \cdot099043 \operatorname{Sin} (2D - g) - \cdot039629 \operatorname{Sin} 2D$$

$$+ \cdot014102 \operatorname{Sin} g' + \cdot009758 \operatorname{Sin} 2g + \cdot008788 \operatorname{Sin} 2F' \,*$$

$- \cdot004344 \operatorname{Sin} (2D - g - g') + \cdot004016 \operatorname{Sin} (2g - 2D)$ প্রভৃতি অন্যূন '০০১ গুণক-বিশিষ্ট পদসমূহ। এইরূপে t-এর মান নির্ণয় করিয়া তাহা পুনরায় সূত্রের অন্তর্গত t স্থানে স্থাপিত করিলে অধিকতর সূক্ষ্মভাবে t নির্ণীত হইবে।

এই প্রকার প্রক্রিয়ায় **তৃতীয় আসন্নমান**, যাহাকে '০০০০৫ দিন অর্থাৎ ১০ বিপল পর্যন্ত শুদ্ধ বলা যাইতে পারে, নিম্নরূপ পাওয়া যায় :—

$$t = -\cdot478060 \operatorname{Sin} g - \cdot098630 \operatorname{Sin} (2D - g) - \cdot040109 \operatorname{Sin} 2D$$

$$+ \cdot014098 \operatorname{Sin} g' + \cdot009758 \operatorname{Sin} 2g + \cdot008788 \operatorname{Sin} 2F'$$

$$- \cdot000198 \operatorname{Sin} 2F - \cdot002912 \operatorname{Sin} (2D - g') + \cdot002637 \operatorname{Sin} D$$

$$- \cdot004359 \operatorname{Sin} (2D - g - g') + \cdot003854 \operatorname{Sin} (2g - 2D)$$

$+ \cdot003240 \operatorname{Sin} (2D + g)$ প্রভৃতি

ইহাকে ৩৬০০ দ্বারা গুণন করিলেই t-এর মান পলে প্রকাশিত হইবে। t-কে পলে পরিবর্তিত করিয়া নিম্নে দেখান হইল এবং কোন্ সারণীতে ইহার কোন্ অংশ গ্রহণ করা হইয়াছে তাহাও লিখিত হইল। সারণীতে ঋণচিহ্নযুক্ত ফল যাহাতে না আসে, তাহার জন্য প্রতি সারণীতেই একটি করিয়া স্থিরাঙ্ক যোগ করিয়া রাখা হইয়াছে, তাহাও এস্থলে উল্লিখিত হইল। সুতরাং নক্ষত্রান্তকালে পলাত্মক সংস্কার সমূহ :—

---

* ইহাতে F-এর দিনগতিজনিত পদ স্থাপিত করিতে হয় না, কেননা F' স্পষ্ট চন্দ্র হইতে গণিত।

$t = -1721{\cdot}02 \sin g$ [= দং ২৮।৪১] $+ 35{\cdot}13 \sin 2g - 0{\cdot}84 \sin 3g$
$- 0{\cdot}49 \sin 4g$ + দং ২৯।০ (ফল সারণী ১)

$- 355{\cdot}07 \sin (2D - g)$ [= দং ৫।৫৫] $+ 1{\cdot}05 \sin (4D - 2g)$ + দং ৬।০
(ফল সারণী ২)

$+ 9{\cdot}50 \sin D - 144{\cdot}39 \sin 2D$ [= দং ২।২৪] $+ 0{\cdot}93 \sin 4D$ + দং ২।৪০
(ফল সারণী ৩)

$+ 50{\cdot}75 \sin g' + 0{\cdot}57 \sin 2g'$ + ৫৫ পল (ফল সারণী ৪)

$+ 30{\cdot}93 \sin 2F$ + ৩৫ পল (ফল সারণী ৫)

$- 15{\cdot}69 \sin (2D - g - g')$ + ১৭ পল (ফল সারণী ৬)

$- 1{\cdot}38 \sin (g - D) + 13{\cdot}87 \sin (2g - 2D)$ + ১৭ পল (ফল সারণী ৭)

$+ 11{\cdot}66 \sin (2D + g)$ + ১৩ পল (ফল সারণী ৮)

$- 10{\cdot}48 \sin (2D - g')$ + ১৩ পল (ফল সারণী ৯)

$- 8{\cdot}70 \sin (g - g')$ + ১০ পল (ফল সারণী ১০)

$+ 4{\cdot}75 \sin (2F - g) - 1{\cdot}72 \sin (2F + g)$ + ৬ পল (ফল সারণী ১১)

$+ 5{\cdot}36 \sin (g + g')$ + ৫ পল (ফল সারণী ১২)

$+ 4{\cdot}47 \sin (2F - 2D)$ + ৪ পল (ফল সারণী ১৩)

$- 1{\cdot}36 \sin (D + g') + 1{\cdot}32 \sin (2D + g') - 0{\cdot}61 \sin (2D - 2g')$
+ ৩ পল (ফল সারণী ১৪)

ইহা ব্যতীত নিম্নোক্ত পদ কয়েকটি উপেক্ষা করা হইয়াছে :—

$+ 2{\cdot}12 \sin (4D - g) + 1{\cdot}68 \sin (2D - g + g') + 0{\cdot}79 \sin (2D + g - g')$

$+ 0{\cdot}73 \sin (2D + g - 2F) - 0{\cdot}57 \sin (2D - g - 2g') - 0{\cdot}58 \sin$ (সায়ন রাহু) ।

মধ্যম নক্ষত্রমানকে একক ধরিয়া উপকরণের আবর্তনকাল নির্ণয় করিলে সেই উপকরণের ভ্রমমান লব্ধ হয়। নিম্নে উপকরণ ও তাহার ভ্রমমান প্রদর্শিত হইল :—

উপকরণ		ভ্রমমান	উপকরণ		ভ্রমমান
g	ক	২৭·২৩০১,৪৭৪৫	$2D - g - g'$	চ	৩৪·৪৩,৬৬৪৯
$2D - g$	খ	৩১·৪৩৭,৪১৫৮	$g - D$	ছ	৪০৬·৯,৩৬৭৩
D	গ	২৯·১৮২,৯২১৪	$2D + g$	জ	৯·৫০,০৫৩৪৫
g'	ঘ	৩৬০·৯,৭৯৩৫	$2D - g'$	ঝ	১৫·২০,৬১৫৬
$2F$	ঙ	১৩·৪৪,৫৯২৪	$g - g'$	ঞ	২৯·৪৫,১৯৫২

মধ্যম নক্ষত্রান্তকাল ও তৎকালের উপকরণসমূহ হইতে কি প্রকারে স্পষ্ট নক্ষত্রানয়ন করা যায় তাহা প্রদর্শিত হইল, এক্ষণে তিথি সম্বন্ধে আলোচনা করা যাইতেছে।

তিথি

চন্দ্রস্পষ্টানয়নের সূত্রে ক্রান্তিবৃত্তপরিণতি-সংস্কার স্বরূপ $-416''9$ Sin $2F'$ উল্লিখিত হইয়াছে। এখানে $F' =$ স্পষ্টচন্দ্র—মধ্যমরাহু। তিথি গণনায় স্পষ্টতিথ্যন্তকালে চন্দ্রস্পষ্ট পরিজ্ঞাত হওয়া যায় না, সুতরাং এই পদটিকে পরিবর্তিত করিয়া মধ্যম উপকরণদ্বারা ব্যক্ত করিতে হইবে। পদটিকে পরিবর্তন করিলে এইরূপ দাঁড়ায় :—

$-416{\cdot}9 \text{ Sin } 2F' = -411{\cdot}6 \text{ Sin } 2F - 45{\cdot}2 \text{ Sin } (2F+g) + 45{\cdot}7 \text{ Sin } (2F-g)$

$-4{\cdot}0 \text{ Sin } (2F+2g) - 5{\cdot}7 \text{ Sin } (2F+2D) + 3{\cdot}8 \text{ Sin } (2F-2D)$

$-8{\cdot}7 \text{ Sin } (2F+2D-g) + 9{\cdot}6 \text{ Sin } (2F-2D+g) +$ ক্ষুদ্র ক্ষুদ্র পদ। চন্দ্রের স্পষ্টানয়নের সূত্রে এই পদ কয়েকটি সংযুক্ত করিয়া লওয়া হইল, ইহাতে কয়েকটি নূতন পদ বাড়িয়া গেল এবং কয়েকটির গুণক (Co-efficient) পরিবর্তিত হইল।

পূর্বে যে রবিস্ফুটের সূত্র দেওয়া হইয়াছে, তদনুসারে—

$S = S_0 + (6904''6 - 17{\cdot}59T) \text{ Sin } g' + 72{\cdot}2 \text{ Sin } 2g' + 1{\cdot}0 \text{ Sin } 3g'$

এবং $M = M_0 + 22639''7 \text{ Sin } g + 4585{\cdot}3 \text{ Sin } (2D-g) - 668{\cdot}9 \text{ Sin } g'$

$-7{\cdot}4 \text{ Sin } 2g' - 411{\cdot}6 \text{ Sin } 2F +$ প্রভৃতি

সুতরাং $M - S = (M_0 - S_0) + 22639''7 \text{ Sin } g \cdots + 7573{\cdot}5 \text{ Sin } g'$

$-79{\cdot}6 \text{ Sin } 2g' - 1{\cdot}1 \text{ Sin } 3g' + 17{\cdot}59.\ T.\ \text{Sin } g' +$ প্রভৃতি

(অতঃপর $17''59.\ T.\ \text{Sin } g'$ পদটি পরিত্যক্ত হইল, ইহা অষ্টম সারণীর দ্বিতীয়াংশে রহিয়াছে।)

যদি তিথিকে E দ্বারা ব্যক্ত করা যায়, তাহা হইলে $E = M - S$,

সুতরাং তিথির সম্পূর্ণ সূত্রটি এইরূপ দাঁড়াইতেছে—

$E = E_0 + 22639''7 \text{ Sin } g - 7573{\cdot}5 \text{ Sin } g' + 4586{\cdot}3 \text{ Sin } (2D-g)$

$+2369{\cdot}9 \text{ Sin } 2D + 769{\cdot}0 \text{ Sin } 2g - 411{\cdot}6 \text{ Sin } 2F - 211{\cdot}7 \text{ Sin } (2g-2D)$

$+206{\cdot}1 \text{ Sin } (2D-g-g') + 192{\cdot}0 \text{ Sin } (2D+g)$

$+165{\cdot}3 \text{ Sin } (2D-g') + 148{\cdot}2 \text{ Sin } (g-g')$

$-125{\cdot}1 \text{ Sin } D - 109{\cdot}7 \text{ Sin } (g+g') - 79{\cdot}6 \text{ Sin } 2g'$

$-55{\cdot}2 \text{ Sin } (2F-2D) - 45{\cdot}2 \text{ Sin } (2F+g) - 39{\cdot}5 \text{ Sin } (2F-g)$

$+38{\cdot}5 \text{ Sin } (4D-g) + 36{\cdot}1 \text{ Sin } 3g + 30{\cdot}9 \text{ Sin } (4D-2g)$

$-28{\cdot}4 \text{ Sin } (2D-g+g') - 24{\cdot}5 \text{ Sin } (2D+g') + 18{\cdot}6 \text{ Sin } (g-D)$

$+18{\cdot}0 \text{ Sin } (D+g') + 14{\cdot}7 \text{ Sin } (2D+g-g') + 14{\cdot}4 \text{ Sin } (2D+2g)$

$+14{\cdot}0 \text{ Sin } 4D - 13{\cdot}3 \text{ Sin } (3g-2D) + 9{\cdot}7 \text{ Sin } (2g-g')$

$-8{\cdot}7 \text{ Sin } (2F+2D-g) - 8{\cdot}6 \text{ Sin } (2g-2D+g')$

$-8{\cdot}5 \text{ Sin } (D+g) + 8{\cdot}1 \text{ Sin } (2D-2g') - 7{\cdot}7 \text{ Sin } (2g+g')$

$+7{\cdot}7 \text{ Sin } (☊) + 7{\cdot}5 \text{ Sin } (2D - g - 2g') - 6{\cdot}5 \text{ Sin } (2D - 2F + g)$
$- 5{\cdot}7 \text{ Sin } (2F + 2D) + 4{\cdot}4 \text{ Sin } (4D - g - g') - 4{\cdot}0 \text{ Sin } (2F + 2g)$
$- 3{\cdot}2 \text{ Sin } (3D - g) - 3{\cdot}0 \text{ Sin } (2D + g + g') + 2{\cdot}8 \text{ Sin } (4D - 2g - g')$
$+ 2{\cdot}6 \text{ Sin } (g - 2g') - 2{\cdot}4 \text{ Sin } (2g - 2D - g') + 1{\cdot}9 \text{ Sin } 4g$ প্রভৃতি

নক্ষত্র গণনায় যে কারণে সূত্রটির পরিবর্তন আবশ্যক হইয়াছে, এস্থলেও সেই কারণেই এবং সেই প্রকারেই এই সূত্রটির পরিবর্তন করা যাইতেছে।

এস্থলে m = দৈনিক চন্দ্র গতি − দৈনিক রবিগতি (অর্থাৎ $= \triangle E$)

$= 12° \; 11' \; 26'' \; 70 = 43886''{\cdot}70$

অন্যান্য দৈনিকগতি অর্থাৎ Δg, $\Delta g'$ প্রভৃতি পূর্ববৎ।

ধরা যাউক যে মধ্যম তিথ্যন্তকালে উপকরণ সমূহের মান যথাক্রমে A, B, প্রভৃতি। তাহা হইলে সুবিধার জন্য নিম্নোক্ত ভাবে সূত্রটি লিখিলে—

$E = E_0 + a \text{ Sin } A + b \text{ Sin } B +$ প্রভৃতি। ইহার যতকাল পরে স্পষ্ট তিথ্যন্ত হইতেছে তাহাকে t-দ্বারা ব্যক্ত করিলে, পূর্বপ্রদর্শিত যুক্তি অনুসারে—

$t = -\frac{a}{m} \text{ Sin } (A + \triangle A.t) - \frac{b}{m} \text{ Sin } (B + \triangle B.t) +$ প্রভৃতি।

নক্ষত্রের ন্যায় পূর্বপ্রদর্শিত 'অসকৃৎ' প্রক্রিয়ায় ইহার সমাধান করিলে—

প্রথম আসন্নমান :—

$t = -{\cdot}515867 \text{ Sin } g + {\cdot}172569 \text{ Sin } g' - {\cdot}104503 \text{ Sin } (2D - g)$

দ্বিতীয় আসন্নমানও প্রায় উক্তরূপ।

তৃতীয় আসন্নমান :—

$t = -{\cdot}517205 \text{ Sin } g + {\cdot}171375 \text{ Sin } g' - {\cdot}107929 \text{ Sin } (2D - g)$
$- {\cdot}042530 \text{ Sin } 2D + {\cdot}012819 \text{ Sin } 2g + \cdots$ অন্যূন '০০০৪ গুণক বিশিষ্ট পদসমূহ।

এই t-এর মান মূলসূত্রে পুনরায় স্থাপন করিলে নিম্নরূপ অন্তত: ১০ বিপল পর্যন্ত শুদ্ধ t-এর মান পাওয়া যায়।

চতুর্থ আসন্নমান :—

$t = -{\cdot}516476 \text{ Sin } g + {\cdot}012880 \text{ Sin } 2g + {\cdot}172571 \text{ Sin } g'$
$- {\cdot}106823 \text{ Sin } (2D - g) - {\cdot}042474 \text{ Sin } 2D$
$+ {\cdot}009260 \text{ Sin } 2F - {\cdot}008392 \text{ Sin } (g + g') +$ প্রভৃতি।

t-কে পলে প্রকাশিত করিয়া নিয়ে দেখান হইল এবং কোন্ সারণীতে ইহার কোন্ অংশ গ্রহণ করা হইয়াছে তাহাও উক্ত হইল।

$t = -1859{\cdot}31 \text{ Sin } g$ [= বং ৩০।৫৯) $+ 46{\cdot}37 \text{ Sin } 2g - 1{\cdot}47 \text{ Sin } 3g$ (ফল সাঃ ১)

+621·26 Sin g' [=দং ১০।২১]+7·45 Sin $2g'$···(ফল-সারণী ২)

−384·56 Sin $(2D-g)$ [=দং ৬।২৪)+1·45 Sin $(4D-2g)$···(ফল-সারণী ৩)

+10·79* Sin D−152·90 Sin 2D [=দং ২।৩৩]+1·18 Sin 4D···(ফল-সারণী ৪)

+33·34 Sin 2F···(ফল-সারণী ৫)−30·20 Sin $(g+g')$···(ফল-সারণী ৬)

+21·23 Sin $(g-g')$···(ফল-সারণী ৭)

−1·49 Sin $(g-D)$+14·29 Sin $(2g-2D)$···(ফল-সারণী ৮)

+14·07 Sin $(2D+g)$···(ফল-সাঃ ৯)−11·56 Sin $(2D-g-g')$···(ফল-সারণী ১০)

−6·29 Sin $(2D-g')$···(ফল-সারণী ১১)

+5·29 Sin $(2F-g)$−2·31 Sin $(2F+g)$···(ফল-সারণী ১২)

−3·99 Sin $(2D+g')$−1·29 Sin $(D+g')$···(ফল-সারণী ১৩)

−4·79 Sin $(2D-g+g')$···(ফল-সারণী ১৪)

+4·47 Sin $(2F-2D)$···(ফল-সারণী ১৫)

+2·74 Sin $(4D-g)$−1·00 Sin $(2D+2g)$···(ফল-সারণী ১৬)

ইহা ব্যতীত নিম্নোক্ত পদগুলি উপেক্ষিত হইয়াছে :—

+1·52 Sin $(2g+g')$−1·03 Sin $(2g-g')$+1·33 Sin $(2F+g')$

−1·33 Sin $(2F-g')$+0·80 Sin $(g+2D-2F)$

+0·75 Sin $(2D+g+g')$ প্রভৃতি

মধ্যম তিথি মানকে এককরূপে গ্রহণ করিয়া উপকরণের আবর্তনকাল নির্ণয় করিলে তাহার ভ্রমকাল লব্ধ হয়। নিম্নে উপকরণ ও তাহার ভ্রমকাল লিখিত হইল।

উপকরণ		ভ্রমমান	উপকরণ		ভ্রমমান
g	ক	২৭·৯৯২৫,৫১৩১	$g-g'$	চ	৩০·২৭,৬৫৬
g'	খ	৩৭১·০৬,৫৬৭৯	$g-D$	ছ	৪১৮·৩,৩০৪
$2D-g$	গ	৩২·৩১৭,৬১৪৯	$2D+g$	জ	৯·৭৬,৬৫৩৩
$2F$	ঘ	১৩·৮২,২৩৯০	$2D-g-g'$	ঝ	৩৫·৪০,০৮০
$g+g'$	ঙ	২৬·০২,৮৯৭৮	$2D-g'$	ঞ	১৫·৬৩,১৯১

মধ্যম তিথ্যন্তকাল ও সেই সময়ের উপকরণসমূহ হইতে কি প্রকারে স্পষ্ট তিথ্যন্ত আনয়ন করা যায় তাহা বিবৃত হইল। এক্ষণে যোগ গণনার সারণী রচনা-কৌশল প্রদর্শিত হইতেছে।

* রবিতে তিথি-জনিত যে সংস্কার আবশ্যক হয় তাহার ফল তিথিতে + ·53 Sin D পল ইহার সহিত যোগ করা হইয়াছে।

যোগ

মধ্যম যোগ $= M_\circ + S_\circ = 159°24'12''·11 + 18621571''·2269T + 6''·01\left(\frac{T}{100}\right)^2$

ইহা হইতে মধ্যম যোগমান লব্ধ হয় = দং ৫৬।২৯·৩৫৯৮ পল।

২৭টি যোগে দিনাদি ২৫।২৫।১২·৭১৫ পল। ৩৮৮ যোগে দিনাদি ৩৬৫।১৭।৫১·৬০ পল, ইহা বর্ষমান অপেক্ষা দং ২।২৮·৭ পল অধিক। সুতরাং প্রতি বৎসরে ৩৮৮টি করিয়া যোগ ধরিলে ২২·৮ বৎসরে একটি যোগ কম ধরিতে হয়। যে প্রক্রিয়ায় তিথি গণনার সূত্র পাওয়া গিয়াছে, যোগ গণনার সূত্রও সেই ভাবেই পাওয়া যাইতে পারে। কিন্তু এই গ্রন্থে উক্ত শ্রমসাধ্য পন্থা পরিত্যাগ করিয়া নূতন উপায়ে যোগ গণনার ব্যবস্থা করা হইয়াছে।

যদি d = গম্যদিনাদি (চতুর্থ অধ্যায় দেখ)

m = রবির দৈনিক গতি (অংশাদি)

n = পরবর্তী নক্ষত্রমান (দণ্ডাদি)

$\therefore \frac{800}{n}$ = চন্দ্রের দৈনিক গতি (অংশাদি)

$\therefore$ dm = রবির নক্ষত্র পূর্ণ হইতে অবশিষ্ট অংশাদি*।

নক্ষত্রান্তকালের যত পরে যোগান্তকাল হইবে তাহাকে যদি দিনের ভগ্নাংশে প্রকাশিত করিয়া x দ্বারা ব্যক্ত করা যায়, তাহা হইলে—

$$x = \frac{dm}{m+\frac{800}{n}} = \frac{dmn}{mn+800} = \frac{d}{15} + \frac{d\,(14\,mn - 800)}{15mn+12000}$$

$\frac{d}{15}$কে প্রথমেই নক্ষত্রবারাদির সহিত যোগ করিবার ব্যবস্থা করা হইয়াছে।

অবশিষ্ট অংশকে এইভাবে ভাগ করা হইল :—

$$\log\frac{d\,(14mn-800)}{15mn+12000} = \log d \text{ (তৃতীয় সারণী)}$$

$$+ \log\frac{14mn-800}{15mn+12000} \text{ (দ্বিতীয় সারণী)}$$

ইহাই প্রথম সংস্কাররূপে গ্রহণ করিবার নিয়ম করা হইয়াছে।

পুনরায়, যদি a = গতি শেষ, তবে স্পষ্ট গতি $= m+a$

„ b = মান শেষ „ স্পষ্ট মান $= n+b$

তাহা হইলে $\frac{d\{14(m+a)(n+b)-800\}}{15mn+12000} =$

---

* এস্থলে ইষ্টদিবসের সন্নিহিত কালের রবির মধ্যম দৈনিক গতি লইতে হয়, তাহাই m ; সারণীতেও সেই ব্যবস্থাই হইয়াছে।

$$= \frac{d(14mn-800)}{15mn+12000} + \frac{14 \times \frac{1}{2} \times (m+n)\,(a+b)\,d}{15mn+12000} \cdots$$ স্থূলতঃ

ইহার মধ্যে পরবর্তী অংশকে চতুর্থ সারণীতে স্থান দেওয়া হইয়াছে এবং পঞ্চম সারণীতে চন্দ্রের গতি-বৈষম্যজনিত সংস্কার রহিয়াছে।

তিথি নক্ষত্র বিষয়ক অন্যান্য প্রশ্ন

পর্বান্ত গণনা—তিথির যে সূত্র প্রদত্ত হইয়াছে তাহার সাহায্যে যদি মাত্র অমান্ত ও পূর্ণিমান্ত গণনা করা যায়, তবে সূত্রটি অনেক ছোট আকারে পাওয়া যাইতে পারে। অমান্ত গণনার জন্য $D=0$ এবং পূর্ণিমান্তের জন্য $D=180°$ ধরিলে সূত্রটি নিম্নরূপ দাঁড়ায়। যদি মধ্যম পর্বান্তকাল জানা থাকে ও তৎকালের উপকরণগুলি জানা থাকে, তাহা হইলে মধ্যম অমান্ত-কালে পলাত্মক সংস্কার সমূহ=

$$-1464{\cdot}9 \text{ Sin } g + 622{\cdot}3 \text{ Sin } g'$$
$$+58{\cdot}2 \text{ Sin } 2g - 1{\cdot}47 \text{ Sin } 3g + 7{\cdot}4 \text{ Sin } 2g' + 37{\cdot}8 \text{ Sin } 2F$$
$$-17{\cdot}9 \text{ Sin } (g+g') + 26{\cdot}0 \text{ Sin } (g-g') + 4{\cdot}0 \text{ Sin } (2F-g)$$
$$-2{\cdot}3 \text{ Sin } (2F+g) + 1{\cdot}5 \text{ Sin } (2g+g') + 1{\cdot}3 \text{ Sin } (2F+g')$$
$$-1{\cdot}3 \text{ Sin } (2F-g').$$

পূর্ণিমান্তকালের জন্য মাত্র প্রথম পদ দুইটি এইরূপ হইবে যথা,—$1461{\cdot}9 \text{ Sin } g + 624{\cdot}8 \text{ Sin } g'$। অন্যান্য পদগুলি ঐরূপই থাকিবে।

তিথি নক্ষত্রের পুনরাবর্তন—বর্ষমান ৩৬৫·২৫৬৩৬২৭ দিন এবং চান্দ্রমাসমান ২৯·৫৩০৫৮৮২ দিন ধরিলে দেখা যায় যে মধ্যম মানে ৩, ৮, ১৯, ১৬০, ১৭৭৯ বৎসর পর তিথি নক্ষত্রের পুনরাবর্তন বৎসরের একই দিবসে হইয়া থাকে। ইহার মধ্যে পর পর সংখ্যাগুলিই অধিকতর সূক্ষ্ম। তিথি ও নক্ষত্র মানের তুলনা করিয়া দেখা যায় যে, ৪০·৭২০ তিথিতে একটি নক্ষত্র কম পড়িয়া যায়। ১৯ বৎসর পরে তিথ্যন্ত জানিতে হইলে পূর্বেকার তিথ্যন্তকালে বারাদি ২।৪১ দং যোগ করিতে হয়। কিন্তু চন্দ্রের ফল-সংস্কার জন্য স্পষ্ট তিথ্যন্তে অনেক পার্থক্য হইয়া যায়। অন্যভাবে তিথ্যন্ত পাইতে হইলে ১৬ বৎসর ৩ দিন পরে তিথি গণনা করিতে হয়। কোন তিথ্যন্তকালের সহিত বারাদি ২।৩ দং যোগ করিলে ১৬ বৎসর ৩ দিন পরবর্তী দিবসের তিথ্যন্ত পাওয়া যায়। কিন্তু কোন ক্ষেত্রেই বিশুদ্ধভাবে তিথ্যন্তকাল পাওয়া যায় না।

৬২·৯০৯৮ দিনে এক তিথি অধিক হইয়া থাকে। সুতরাং ৬৩ দিনে ৬৪ তিথি অথবা ৬৯২ দিনে ৭০৩ তিথি, কিম্বা অধিকতর সূক্ষ্মভাবে ৮৩৬৭ দিনে ৮৫০০ তিথি লওয়া যাইতে পারে। সেইরূপ ৮৪·৯৪ দিনে এক নক্ষত্র কম হইয়া থাকে। সুতরাং ৮৫ দিনে ৮৪ নক্ষত্র বা সূক্ষ্মভাবে ১৩৫৯ দিনে ১৩৪৩ নক্ষত্র ধরা যাইতে পারে।

তিথি নক্ষত্রের সংযোগ—কোন বিশেষ বিশেষ তিথি ও নক্ষত্রের সংযোগ পুণ্যকালের সূচনা করে। কিন্তু দেখা যায় যে, কোন নির্দিষ্ট তিথি ও নক্ষত্রের সংযোগ প্রতি বৎসরেই যে ঘটিয়া থাকে, তাহা নহে। কি প্রকার অবস্থায় এই সংযোগ ঘটিবে তাহার আলোচনা করা যাইতেছে। T=তিথি সংখ্যা, N=নক্ষত্র সংখ্যা, এবং L=অংশাত্মক রবির ভুজাংশ (অর্থাৎ মেষ হইতে গণনায় রবিস্ফুট অংশ), তাহা হইলে তিথ্যন্তকালে যদি নিম্নরূপ L-এর মান পাওয়া যায়, তবে নিম্ন প্রকারের তিথি নক্ষত্রের যোগ ঘটিবে।

(১) $L=(\frac{40}{3}N-12T)-13\frac{1}{3}$···তিথির অন্তে নক্ষত্রের আরম্ভ। ইহার অধিক* L-এর মান হইলে নক্ষত্র মাত্র তিথ্যন্তকে স্পর্শ করিবে, অর্থাৎ তিথির শেষ ভাগ ব্যাপিয়া নক্ষত্র থাকিবে।

(২) $L=\frac{40}{3}N-12\,T$···তিথির অন্তে নক্ষত্রের অন্ত। ইহা অপেক্ষা কম কিন্তু পরবর্তী L-এর মান অপেক্ষা অধিক L-এর মান হইলে সম্পূর্ণ তিথিটি নক্ষত্রের মধ্যে পড়িবে।

(৩) $L=(\frac{40}{3}N-12T)-\frac{1}{3}$···তিথির আরম্ভে নক্ষত্রারম্ভ। ইহার অধিক L-এর মান হইলে নক্ষত্র মাত্র তিথ্যারম্ভকে স্পর্শ করিবে, অর্থাৎ তিথির প্রথম ভাগ ব্যাপিয়া নক্ষত্র থাকিবে।

(৪) $L=(\frac{40}{3}N-12T)+13$···তিথির আরম্ভে নক্ষত্রের অন্ত।

(৪) হইতে (১) বিয়োগ করিয়া দেখা যে মাত্র ২৬°২০´ স্থানের মধ্যে তিথ্যন্তকালীন রবির অবস্থান ঘটিলেই তিথি নক্ষত্রের সংযোগ ঘটিয়া থাকে। ইহা ২৯° অংশের আসন্ন হইতে প্রায় ২°।৪০´ ন্যূন, সুতরাং প্রতি বৎসরেই বিশেষ কোন তিথি নক্ষত্রের যোগ সম্ভবপর নহে।

তিথ্যাদির পরম মান :—এই গ্রন্থে যে সকল সংস্কার লওয়া হইয়াছে তদনুসারে দেখা যাইতেছে যে, তিথির পরম মান দং ৬৬।৫৭ পল পর্যন্ত হইতে পারে এবং অবম মান দং ৪৯।৫৮ পল পর্যন্তও নামিতে পারে; সুতরাং বর্তমানে 'সপ্তবৃদ্ধি দশক্ষয়' তিথির একটি লক্ষণ হইয়া পড়িয়াছে। এই প্রকারে নক্ষত্রের পরম মান দং ৬৭।৫৮ ও অবম মান দং ৫২।০ পল পাওয়া যায়। একথা অবশ্য ঠিক যে তিথি বা নক্ষত্রমানের এই পরমত্বপ্রাপ্তির সম্ভাবনা বহুকাল পরে কদাচিৎ হইয়া থাকে।

মলমাস :—মধ্যমমানে চান্দ্রমাসমান=২৯.৫৩০৫৮৮ এবং সৌরমাসমান=৩০.৪৩৮০৩০ দিন। কুট্টক দ্বারা ইহাদের আসন্ন ভগ্নাংশ এইরূপ পাওয়া যায়।

$$\frac{\text{চান্দ্রমাস}}{\text{সৌরমাস}}=১,\ \frac{৩২}{৩৩},\ \frac{৩৩}{৩৪},\ \frac{৬৫}{৬৭},\ \frac{৩৫৮}{৩৬৯},\ \frac{৭৮১}{৮০৫},\ \text{প্রভৃতি}$$

সুতরাং ৩৩ মাসে ৩৪টি চান্দ্রমাস ও অধিকতর সূক্ষ্মভাবে ৬৫ মাসে ৬৭টি চান্দ্রমাস, ইত্যাদি। মধ্যমমানে প্রতি ৩২.৫৪৩ সৌরমাসে একটি করিয়া চান্দ্রমাস অধিক হইয়া থাকে।

---

* অর্থাৎ ইহা অপেক্ষা অধিক কিন্তু পরবর্তী L-এর মান অপেক্ষা কম ; সর্বত্রই এইরূপ।

সুতরাং প্রতি ৩২ বা ৩৩ মাস অন্তর একটি করিয়া মলমাস হইবে। এই প্রকারে ১৯ বৎসরে স্থূলতঃ ৭টি মলমাস হইবে।

স্পষ্টমানে দেখা যায় যে শুক্লাদি চান্দ্রমাসের পরম মান পৌষে দিন ২৯।৪৯।২০ পল ও আষাঢ়ে দিন ২৯।৩৮।৫৫ পল পর্যন্ত হইতে পারে। উক্তরূপ অবম মান পৌষে দিন ২৯।২৬।১৪ পল এবং আষাঢ়ে দিন ২৯।১৫।৪৯ পল পর্যন্ত নামিতে পারে। বর্তমানে সৌর পৌষমাসমান দিনাদি ২৯।২৬।৪২ পল এবং আষাঢ়মাসমান দিনাদি ৩১।২৭।১৯ পল। সুতরাং দেখা যাইতেছে যে বৎসরের প্রায় সকল মাসেই মলমাস হইবার সম্ভাবনা রহিয়াছে, তবে পৌষ হইতে দূরবর্তী মাসেই ইহা ঘটিবার সম্ভাবনা অধিক। এক চান্দ্রমাস দ্বারা সৌরমাস আবৃত হইলে তাহাকে ক্ষয়মাস বলে, পৌষ মাসেই উক্ত প্রকার ক্ষয়মাস ঘটিবার সম্ভাবনা দেখিতে পাওয়া যায়।

আসন্ন তিথি গণনা—সরল নিয়মে স্থূল তিথি জানিতে হইলে নিম্নপ্রকারে জানা যাইতে পারে। ১লা বৈশাখের পূর্বদিনে যে তিথি তাহাকে বৎসরের **তিথিধ্রুব** বলা যাউক। কোন বৎসরের তিথিধ্রুবসংখ্যার সহিত নিম্নোক্ত মাসাঙ্ক ও ইষ্ট তারিখসংখ্যা যোগ করিয়া ৩০ দ্বারা ভাগ করিলে যে অবশেষ থাকিবে, তাহাই তদ্দিবসের আসন্ন তিথি সংখ্যা। প্রকৃত তিথির সহিত ইহার কখন কখন ১-এর পার্থক্য ঘটিতে পারে।

মাস	মাসাঙ্ক	মাস	মাসাঙ্ক	মাস	মাসাঙ্ক
বৈশাখ	০	ভাদ্র	৭	পৌষ	১০
জ্যৈষ্ঠ	২	আশ্বিন	৯	মাঘ	১০
আষাঢ়	৩	কার্তিক	১০	ফাল্গুন	১০
শ্রাবণ	৬	অগ্রহায়ণ	১০	চৈত্র	১০

যদি তিথিধ্রুব জানা না থাকে, তবে নিম্নোক্ত উপায়ে তাহা নির্ণয় করা যায়। বঙ্গাব্দকে ১৬০ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট লইবে। অবশিষ্টকে ১১ দ্বারা গুণন করিয়া একস্থানে রাখিবে এবং উক্ত অবশিষ্টকে ১৬ দ্বারা ভাগ করিলে যাহা ভাগফল পাওয়া যায় তাহা এই ১১-গুণ অবশিষ্টের সহিত যোগ করিবে ও তৎসহ ক্ষেপ = ১৫ যোগ করিবে। এই যোগফলকে ৩০ দ্বারা ভাগ করিয়া যাহা অবশেষ থাকে তাহাই বৎসরের তিথিধ্রুব শকাব্দ লইয়াও এই ভাবেই গণনা করা যাইতে পারে, তবে সেক্ষেত্রে উক্ত যোজ্য ক্ষেপ = ১৮ লইতে হইবে।

বিশুদ্ধ বর্ষমান অনুসারে এই নিয়ম রচিত হইয়াছে বলিয়া প্রাচীন পদ্ধতির তারিখ ও বর্ষারম্ভ ধরিয়া ইহার গণনা চলিবে না। পূর্বকালে সচল আদিবিন্দু ব্যবহৃত হইত; সুতরাং বর্ষারম্ভদিবসের পরিবর্তন-জনিত সংস্কার প্রয়োগ করিয়া লইলে এই নিয়ম প্রাচীন কালেও চলিতে পারে।

নির্দিষ্টীকৃত তারিখ:—এই গ্রন্থে নির্দিষ্টীকৃত তারিখ ব্যবহার করা হইয়াছে। উহাতে অতিবর্ষ গণনার যে প্রকার নিয়ম রচনা করা হইয়াছে তাহাতে বর্ষমান পাওয়া যায় ৩৬৫·২৫৬৪১০ দিন। ইহা মধ্যম নিরয়ণ বর্ষমান অপেক্ষা ০·০০০০৪৭ দিন অধিক। হাজার বৎসরে এই আধিক্য ১ ঘঃ ৭ মিনিটে পরিণত হইবে। যে প্রকার সরল নিয়মে অতিবর্ষ গণনার সূত্র রচনা করা হইয়াছে তাহা অধ্যাপক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেনগুপ্ত মহাশয়ের কৃত। তিনি অনুগ্রহ পূর্বক মাসের দিনসংখ্যাগুলি পরীক্ষা করিয়া দিয়াছেন এবং অতিবর্ষ গণনার নিয়মটি উক্ত প্রকারে পরিবর্তিত করিয়া দিয়াছেন। শ্রীযুক্ত আশুতোষ মিত্র, পণ্ডিত শ্রীযুক্ত রামদেব স্মৃতিতীর্থ, শ্রীযুক্ত তুলসীদাস কর, পণ্ডিত শ্রীযুক্ত রাধাবল্লভ জ্যোতিস্তীর্থ, শ্রীযুক্ত নরেন্দ্রকুমার মজুমদার প্রভৃতি মহোদয়গণও প্রস্তাবটি বিশেষভাবে পরীক্ষা করিয়া ইহাকে সমর্থন করিয়াছেন। এই প্রস্তাবকে কার্যে পরিণত করিবার জন্য শ্রীযুক্ত সতীশচন্দ্র শীল মহাশয়ের উত্তম সর্বাগ্রে উল্লেখযোগ্য। উপরি উক্ত সুধীবৃন্দ ব্যতীত পণ্ডিত শ্রীযুক্ত গোলোকবিহারী জ্যোতিঃসাগর, পণ্ডিত শ্রীযুক্ত দিগিন্দ্রনাথ জ্যোতিস্তীর্থ, বিভিন্ন সংবাদ পত্রের সম্পাদকগণ ও পঞ্জিকার কর্তৃপক্ষগণ, শ্রীযুক্ত বারিদবরণ মুখোপাধ্যায়, অধ্যক্ষ শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দাসগুপ্ত, ডঃ শ্রীযুক্ত শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়, শ্রীযুক্ত মন্মথমোহন বসু, শ্রীযুক্ত ধীরেন্দ্রনাথ মুখোপাধ্যায় এবং এতদ্ব্যতীত বহু পরিচিত ও অপরিচিত বন্ধুবান্ধব এই প্রস্তাবে বিশেষ উৎসাহ দেখাইয়াছেন, তজ্জন্য তাঁহাদের সকলের নিকটে কৃতজ্ঞতা প্রকাশ করিতেছি।

উপসংহার—এই গ্রন্থ রচনায় প্রথমেউৎসাহিত হই শ্রীযুক্ত আশুতোষ মিত্র মহাশয়ের নিকট হইতে। তিনি জ্যোতির্বিদ্যা সম্বন্ধীয় বিভিন্ন বিষয়ে উপদেশ প্রদান দ্বারা ও বিভিন্ন প্রকারে উৎসাহ ও গ্রন্থাদি প্রদান করিয়া তিথি ও নক্ষত্র গণনার সূত্র রচনায় আমার আগ্রহ জন্মাইয়া দেন। এই গ্রন্থ সম্পাদনের জন্য শ্রীযুক্ত রামদেব স্মৃতিতীর্থ মহাশয় যেভাবে উৎসাহিত করিয়াছেন তজ্জন্য তাঁহার নিকট কৃতজ্ঞ। তৎকালে আমার অবসর কিছু অধিক ছিল বলিয়া এই গুরুভার লইতে সাহসী হইয়াছিলাম। চন্দ্রস্পষ্ট গণনার সূত্র হইতে তিথি ও নক্ষত্রের সূত্র রচনায় তৎকালে আমাকে সবিশেষ পরিশ্রম স্বীকার করিতে হইয়াছিল, কেননা যতই সূক্ষ্মভাবে সূত্রটি রচনার চেষ্টা করিতে লাগিলাম ততই উহা বৃহদাকার হইতে লাগিল এবং প্রত্যেকটি সংখ্যা অতি সাবধানতার সহিত গণনা ও পরীক্ষা করিতে হইয়াছে বলিয়া সময় ও পরিশ্রম অনেক লাগিয়া গেল। বিশেষতঃ সূত্রটির পরিবর্তন প্রণালীটি স্থির করিয়া লইতে অনেক সময় লাগিয়াছে। নক্ষত্রের সূত্র গণনা আরম্ভ করিয়াছিলাম ১৯৩২ খ্রীঃ অব্দের এপ্রিল মাসে এবং তিথি গণনার কার্য আরম্ভ করিয়াছিলাম ১৯৩৪ খ্রীষ্টাব্দের আগষ্ট মাসে। নক্ষত্র গণনার সারণীতে একটি করিয়া স্থিরাঙ্ক যোগ করিয়া ঋণাখ্য সংস্কার ফল যাহাতে না আইসে তাহার ব্যবস্থা করিয়াছি, কিন্তু তিথির সারণী রচনার সময় এই ব্যবস্থা অবলম্বন করা হয় নাই। এই দুই ব্যবস্থার মধ্যে যেটি কার্যের পক্ষে সুবিধাজনক মনে হইবে, আশা করি ভবিষ্যৎ কোন জ্যোতির্বিদ্ সেই পন্থাই অবলম্বন করিবেন। বর্তমানে পাশ্চাত্ত্যদেশে পঞ্জিকা গণনায়

(Nautical Almanac প্রভৃতিতে) Brown-এর সারণী দৃষ্টে প্রত্যহ প্রায় ৭০০টি পদ লইয়া চন্দ্রস্ফুট গণনা করা হইয়া থাকে, আমরা সেক্ষেত্রে ২৫।২৬টি মাত্র পদ লইবার ব্যবস্থা করিয়াছি। কিন্তু আশা করি আমরা যতটা সূক্ষ্মতায় অভ্যস্ত হইয়াছি, ইহা দ্বারা তাহা লাভ করা যাইবে।

ইণ্ডিয়ান্ রিসার্চ ইন্স্টিটিউট্ ইহার মুদ্রণের ভার লইয়া ইহাকে ইন্স্টিটিউটের গ্রন্থাবলীর মধ্যে স্থান দিয়াছেন এবং বিশুদ্ধ সিদ্ধান্ত পঞ্জিকার সম্পাদক শ্রীযুক্ত শরৎকুমার মিত্র মহাশয় ইহার অধিকাংশ কাগজ প্রদান করিয়া কৃতজ্ঞতা ভাজন হইয়াছেন। ইন্স্টিটিউটের সম্পাদক শ্রীযুক্ত সতীশচন্দ্র শীল মহাশয় এই গ্রন্থ প্রকাশের ভার না লইলে হয়ত ইহা শেষ পর্যন্ত পাণ্ডুলিপি আকারেই থাকিয়া যাইত। অসাবধানতার জন্য বা ভ্রমবশতঃ হয়ত এই গ্রন্থে অনেক ত্রুটি-বিচ্যুতি ঘটিয়াছে, আশা করি পাঠকগণ তাহা ক্ষমা করিয়া লইবেন। ইহাতে যদি কোন ভ্রম পরিদৃষ্ট হয়, অনুগ্রহপূর্বক তাহা জানাইলে বিশেষ বাধিত হইব। ইতি—

শ্রীনির্মলচন্দ্র লাহিড়ী

উপক্রমণিকার পরিশিষ্ট

(নিম্নোক্ত বিষয়গুলি ভ্রম বশতঃ উপক্রমণিকায় আলোচিত হয় নাই। প্রয়োজনীয় বোধ হওয়ায় সেগুলি এস্থলে প্রদত্ত হইল।)

উদয়ফল—উদয়ফল নির্ণয়ে যে 'অ' উপকরণ ব্যবহার করা হইয়াছে তাহা যে-সময়ে সায়ন মধ্যম রবি শূন্য হয় তৎকাল হইতে গণনায় ইষ্ট দিবসীয় মধ্যাহ্ন পর্য্যন্ত দিন-সংখ্যা। 'অ' এর ভ্রমকাল ৩৬৫'২৪২২ দিন। 'অ' হইতে সায়ন মধ্যম রবি ও তৎপর স্পষ্ট রবি নির্ণয় করিয়া তাহা হইতে রবিক্রান্তি ও কাল-সমীকরণ গণনা করতঃ উদয়ফল গণনা করা হইয়াছে। উদয়কাল হইতে মধ্যাহ্ন পর্যন্ত রবিক্রান্তি ও কাল-সমীকরণের গতিজনিত সংস্কারও লওয়া হইয়াছে। এই গণনায় বায়বীয় প্রতিসরণের (Refraction) মান ৩০' কলা গৃহীত হইয়াছে। ক্রান্তিকোণের (Obliquity of the ecliptic) পরিবর্তন ও মন্দফলের পরিবর্তনহেতু বহু-কালান্তরে এই উদয়ফলের যে পরিবর্তন হইবে তাহা সামান্য বিবেচনায় গ্রন্থে প্রদত্ত হয় নাই।

সংক্রান্তি-গণনা—মধ্যম রবির সংক্রান্তিকাল ও তৎসময়ের g' এর মান জানা থাকিলে তাহা হইতে স্পষ্ট সংক্রান্তিকাল নির্ণয় করা যায়। মধ্যম সংক্রান্তিকালে দীর্ঘকালাবর্ত সংস্কার ও আকর্ষণজনিত সংস্কার প্রয়োগ করিয়া তাহাতে aberration সংস্কার ২১ পল যোগ করতঃ তৎসহ নিম্নোক্ত মন্দফল-জনিত সংস্কার প্রয়োগ করিলেই স্পষ্ট সংক্রান্তিকাল নিরূপিত হয়।

পলাত্মক মন্দফল সংস্কার $= -(7005{\cdot}3 - 17{\cdot}8t)\ \text{Sin}\ g' + 43{\cdot}9\ \text{Sin}\ 2g'$

এস্থলে পূর্ববৎ $t =$ ১৮৫০ শক হইতে গণনায় শতাব্দী সংখ্যা। আকর্ষণের জন্য যে উপকরণ ব্যবহার করা হইয়াছে তাহা নিম্নরূপ : বৃ = পৃথিবী − বৃহঃ, শু = শুক্র − পৃথিবী, তি = চন্দ্র − রবি।

আসন্ন নক্ষত্র গণনা—পূর্বে যে আসন্ন তিথি গণনার বিষয় উল্লিখিত হইয়াছে, সেই প্রকার সরল নিয়মে আসন্ন নক্ষত্র-গণনাও করা যাইতে পারে। এক্ষেত্রে নক্ষত্রধ্রুবের সহিত নিম্নোক্ত মাসাঙ্ক ও ইষ্ট তারিখ-সংখ্যা যোগ করিয়া ২৭ দ্বারা ভাগ করতঃ অবশিষ্ট দ্বারা নক্ষত্র জানিতে হয়। মাসাঙ্ক : বৈশাখ—০, জ্যৈষ্ঠ—৪, আষাঢ়—৮, শ্রাবণ -১২, ভাদ্র—১৬, আশ্বিন—২০, কার্তিক—২২, অগ্রহায়ণ—২৫, পৌষ—০, মাঘ—২, ফাল্গুন—৫, চৈত্র—৭। কোন বৎসরের নক্ষত্রধ্রুব জানিতে হইলে বঙ্গাব্দ বা শকাব্দকে ১৬০ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট লইবে। এই অবশিষ্টকে ২৩ দ্বারা ভাগ করিয়া যাহা ভাগফল হয়, তাহা ১০ গুণিত অবশিষ্ট হইতে বাদ দিবে এবং তৎসহ ক্ষেপ (বঙ্গাব্দ হইলে = ১৩, শকাব্দে = ১৫) যোগ করিয়া তাহাকে ২৭ দ্বারা ভাগ করিলে যাহা অবশিষ্ট পাওয়া যাইবে, তাহাই সেই বৎসরের নক্ষত্রধ্রুব অর্থাৎ ১লা বৈশাখের পূর্বদিনের নক্ষত্র।

স্থূল তিথ্যাদি গণনা—স্থূলভাবে চারি বৎসর পরবর্তী কোন দিবসের তিথ্যাদি নিম্নোক্ত উপায়ে পাওয়া যাইতে পারে। কোন দিবসের স্পষ্ট তিথিবারাদির সহিত তাহার

পরবর্তী তিথিমানের ২/৫ অংশ যোগ করিয়া তৎসহ তিথিবারাদি ১৪।৪।২৩।৯ পল যোগ করিলে ৪ বৎসর পরে সেই দিবসের বা তৎপূর্বাপর দিবসের স্থুল তিথিবারাদি পাওয়া যায়। এইরূপে নক্ষত্র গণনা করিতে হইলে কোন দিবসের নক্ষত্রবারাদির সহিত তৎপরবর্তী নক্ষত্রমানের ৪/৫ অংশ যোগ করিয়া তৎসহ নক্ষত্রবারাদি ১৩।৪।২৩।৩৫ পল যোগ করিলে ৪ বৎসর পরে নক্ষত্র জানা যাইবে। এই প্রকারের গণনায় ২।৩ দণ্ডের ভুল থাকিতে পারে।

নির্দিষ্টীকৃত তারিখ সম্বন্ধীয় প্রস্তাবের সমর্থকদের মধ্যে রায় বাহাদুর অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায়, মঃ মঃ শ্রীযুক্ত প্রমথনাথ তর্কভূষণ, রায় বাহাদুর শ্রীযুক্ত কৈলাশচন্দ্র জ্যোতিষার্ণব, শ্রীযুক্ত হীরেন্দ্রনাথ দত্ত, মঃ মঃ শ্রীযুক্ত ফণিভূষণ তর্কবাগীশ ও মঃ মঃ শ্রীযুক্ত বিধুশেখর শাস্ত্রী মহাশয়দের নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। অনবধানতা বশতঃ তাহা যথাস্থানে উল্লিখিত হয় নাই। অধ্যাপক রায় মহাশয় প্রায় ৩০।৪০ বৎসর পূর্বে এ বিষয়ে একটি পরিকল্পনা প্রদান করিয়াছিলেন।

তিথি ও নক্ষত্র গণনায় যে সকল উপকরণে g´ রহিয়াছে তাহা হইতে প্রাপ্ত সংস্কারফলগুলি ক্রমশঃ হ্রাস পাইতেছে। প্রতি শতবৎসরে উক্ত সংস্কার ফলের পরিমাণ ১/৪০০ অংশ কমিয়া যায়। অনাবশ্যক বোধে ইহা সারণীতে গ্রহণ করা হয় নাই।

২৭টি যোগের মধ্যে ১৬ সংখ্যক অসৃক্ যোগের নামান্তর সিদ্ধিযোগ। পশ্চিম ভারতে সর্বত্রই ইহাকে সিদ্ধিযোগ বলিয়া কথিত হয়। অধ্যাপক শ্রীযুক্ত জ্যোতিষচন্দ্র ঘটক মহাশয় একটি প্রবন্ধ পাঠ করিয়া এ বিষয়ে সকলকে অবহিত করিয়াছেন।

স্থির-করণ চারিটির নাম যথাক্রমে শকুনি, চতুষ্পাদ, নাগ ও কিন্তুঘ্ন বলিয়া আমাদের দেশে প্রচলিত। দিনচন্দ্রিকাতেও উক্ত ক্রমই রহিয়াছে। কিন্তু সূর্য-সিদ্ধান্তে উহাদের নামের ক্রম এইরূপ:—শকুনি, নাগ, চতুষ্পাদ ও কিন্তুঘ্ন। অধ্যাপক শ্রীযুক্ত প্রবোধচন্দ্র সেনগুপ্ত মহাশয় এই অসামঞ্জস্যের প্রতি সকলের দৃষ্টি আকর্ষণ করিয়াছেন। পঞ্চসিদ্ধান্তিকা গ্রন্থে করণের যে নাম রহিয়াছে তাহা আমাদের প্রচলিত মতের সহিত মিলিয়া যায়।

সময়াভাব বশতঃ এই সকল অসামঞ্জস্য লইয়া বিশেষ অনুসন্ধান সম্ভবপর হইল না। আশা করি পাঠকগণ এ বিষয়ে অবহিত হইবেন। ইতি—

শ্রীনির্মলচন্দ্র লাহিড়ী

পঞ্চাঙ্গ-দর্পণ

প্রথম অধ্যায়

বারাদি আনয়ন

মঙ্গলাচরণম্

ভাস্বত্তনূজ্জ্বলরুচাস্ততমঃপ্রসারং
নত্বা গুরুং ত্রিজগতাং সশিবং শিবং তম্।
তিথ্যাদিরূপমভিদর্শয়িতুং বিশুদ্ধং
পঞ্চাঙ্গদর্পণমিদং রচয়ামি যত্নাৎ ॥

অব্দানয়ন—বঙ্গাব্দের সহিত ৫১৫ যোগ করিলে শকাব্দ হয়। খ্রীষ্টাব্দ হইতে ৭৮ বিয়োগ করিলে বৈশাখ হইতে ডিসেম্বর পর্যন্ত শকাব্দ পাওয়া যায়। চৈত্র ভিন্ন অন্য মাসে ইষ্টকাল হইলে সংবৎ হইতে ১৩৫ বিয়োগ করিলে শকাব্দ হইবে।

এই গ্রন্থের গণনাসমূহ শকাব্দানুসারে প্রদত্ত হইয়াছে।

নির্দিষ্টীকৃত তারিখ—মাসের দিনসংখ্যা নিম্নোক্ত প্রকারে নির্দিষ্টীকৃত হইয়াছে:—বৈশাখ—৩১, জ্যৈষ্ঠ—৩১, আষাঢ়—৩২, শ্রাবণ—৩১, ভাদ্র—৩১, আশ্বিন—৩০, কার্তিক—৩০, অগ্রহায়ণ—৩০, পৌষ—২৯, মাঘ—৩০, ফাল্গুন—৩০ ও চৈত্র—৩০। অতিবর্ষ হইলে চৈত্র মাস ৩১ দিন-সংখ্যক।

শকাব্দ হইতে ১৫ বাদ দিয়া বিয়োগফলকে ৩৯ দ্বারা ভাগ করিলে যে অবশিষ্ট থাকে তাহাকে **অব্দশেষ** বলে। অব্দশেষ যদি শূন্য হয়, অথবা যদি অব্দশেষ ৪ দ্বারা বিভাজ্য হয় তবে সেই বৎসরটি অতিবর্ষ। শকাব্দ হইতে ১৮০৯, ১৮৪৮, ১৮৮৭, ১৯২৬ প্রভৃতি বাদ দিলেও অব্দশেষ লব্ধ হয়। কোন বৎসরের অব্দশেষ জানা থাকিলেই সেই বৎসরের যে কোন মাসের প্রথম তারিখের বার অতি সহজেই জানা যায়, এবং তাহা হইতে অন্যান্য তারিখের বারও পাওয়া যাইতে পারে।*

---

* এই গ্রন্থের সকল প্রকার গণনা নির্দিষ্টীকৃত তারিখ অনুসারে করা হইয়াছে।

অব্দশেষ অনুযায়ী মাসের প্রথম দিনের বার

অব্দশেষ :—						
	০	—	১	২	৩	৪	—
	৫	৬	৭	৮	—	৯	১০
	১১	১২	—	১৩	১৪	১৫	১৬
	—	১৭	১৮	১৯	২০	—	২১
	২২	২৩	২৪	—	২৫	২৬	২৭
	২৮	—	২৯	৩০	৩১	৩২	—
	৩৩	৩৪	৩৫	৩৬	—	৩৭	৩৮
১লা বৈশাখ	বুধ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম	মঙ্গল
„ জ্যৈষ্ঠ	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র
„ আষাঢ়	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম
„ শ্রাবণ	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র
„ ভাদ্র	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম
„ আশ্বিন	শুক্র	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ
„ কার্তিক	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি
„ অগ্রহায়ণ	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম
„ পৌষ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ
„ মাঘ	শুক্র	শনি	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ
„ ফাল্গুন	রবি	সোম	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি
„ চৈত্র	মঙ্গল	বুধ	বৃহঃ	শুক্র	শনি	রবি	সোম

ইংরেজী তারিখের বার-নির্ণয়—খ্রীস্টাব্দের শেষ দুই সংখ্যা + তাহার চতুর্থাংশ (ভাগাবশিষ্ট পরিত্যাগ করিবে) + নিম্নোক্ত শতাব্দীর জন্য সংখ্যা + নিম্নোক্ত মাসাঙ্ক + মাসের তারিখ সংখ্যা = ক। 'ক'কে ৭ দ্বারা ভাগ করিয়া অবশিষ্ট ১—রবিবার, ২—সোমবার ইত্যাদি।

শতাব্দীর জন্য সংখ্যা* : ১৬০০—৬, ১৭০০—৪, ১৮০০—২, ১৯০০—০, পুনরায় ২০০০—৬, ২১০০—৪ ইত্যাদি।

মাসাঙ্ক :—জানুয়ারী ফেব্রুয়ারী ক্রমে ১, ৪, ৪, ০, ২, ৫, ০, ৩, ৬, ১, ৪, ৬। লিপ্-ইয়ার হইলে জানুয়ারী—০ এবং ফেব্রুয়ারী—৩।

মাস পহেলার ইংরেজী তারিখ—১৮৬১ শকাব্দে ১লা বৈশাখে ১৫ই এপ্রিল, এবং তৎপরবর্তী মাসারম্ভগুলি—১৬ মে (জ্যৈষ্ঠ), ১৬ জুন (আষাঢ়), ১৮ জুলাই (শ্রাবণ), ১৮ আগষ্ট (ভাদ্র), ১৮ সেপ্টেম্বর (আশ্বিন), ১৮ অক্টোবর (কার্তিক), ১৭ নভেম্বর (অগ্রহায়ণ), ১৭ ডিসেম্বর (পৌষ), ১৫ জানুয়ারী (মাঘ), ১৪ ফেব্রুয়ারী (ফাল্গুন), ১৫† ও ১৬ মার্চ (চৈত্র)।

* Gregorian Calendar অনুসারে। † লিপ-ইয়ারে।

১৮৬১ শকের পরবর্তী প্রতি ৭২ বৎসরে উক্ত ইংরেজী তারিখ ১ দিন করিয়া বৃদ্ধি পাইবে এবং ১৮৬১ শকের পূর্বে কমিয়া যাইবে। অভ্রান্তরূপে কোন মাসারম্ভের ইংরেজী তারিখ জানিতে হইলে, সেই দিবসে ইংরেজী মতে ও বাঙ্গালা মতে বার গণনা করিয়া আবশ্যক হইলে আসন্ন ইংরেজী তারিখে ১ যোগ বা বিয়োগ করিয়া মিলাইয়া লইতে হয়।

১৮০০ শকাব্দের সন্নিহিত কালে প্রাচীন-পন্থী পঞ্জিকার তারিখের সহিত এই নির্দ্দিষ্টীকৃত তারিখের প্রায়ই মিল থাকিবে। তৎপূর্বে প্রতি ৪০০ বৎসরে প্রাচীন তারিখ এক করিয়া বৃদ্ধি পাইবে।

অয়নাংশ-নির্ণয়

বর্ষারম্ভে মধ্যম অয়নাংশ = ২২° ২৬′ ৯″·৩ + ৫০″·২৫৫২শ + ১″·১১ $\left(\frac{\text{শ}}{\text{১০০}}\right)^{2}$

এখানে শ = (শকাব্দ − ১৮২১)

শকাব্দ	অয়নাংশ	রা (চক্র = ১০০০)	বর্ষসংখ্যা	অয়নাংশ	রা (চক্র = ১০০০)
	° ′ ″			° ′ ″	
১৮০০	২২। ৮।১৩·৮	১১৪	১	০। ০।৫০·৩	৫৪
১৮১০	২২।১৬।৫৬·৪	৬৫১	২	০। ১।৪০·৫	১০৭
১৮২০	২২।২৫।১৯·০	১৮৮	৩	০। ২।৩০·৮	১৬১
১৮৩০	২২।৩৩।৪১·৬	৭২৫	৪	০। ৩।২১·০	২১৫
১৮৪০	২২।৪২। ৪·২	২৬২	৫	০। ৪।১১·৩	২৬৯
১৮৫০	২২।৫০।২৬·৭	৮০০	৬	০। ৫। ১·৫	৩২২
১৮৬০	২২।৫৮।৪৯·৩	৩৩৭	৭	০। ৫।৫১·৮	৩৭৬
১৮৭০	২৩। ৭।১১·৯	৮৭৫	৮	০। ৬।৪২·১	৪৩০
১৮৮০	২৩।১৫।৩৪·৫	৪১২	৯	০। ৭।৩২·৩	৪৮৩
১৮৯০	২৩।২৩।৫৭·১	৯৪৯	১০০	১।২৩।৪৫·৮	৩৭৩
১৯০০	২৩।৩২।১৯·৬	৪৮৬	২০০	২।৪৭।৩১·৬	৭৪৫
১৯১০	২৩।৪০।৪২·২	২৪	৩০০	৪।১১।১৭·৫	১১৮
১৯২০	২৩।৪৯। ৪·৮	৫৬১	৪০০	৫।৩৫। ৩·৩	৪৯১
			৫০০	৬।৫৮।৪৯·১	৮৬৪

বিঃ দ্রঃ—এই অয়নাংশের সহিত ৫২″·২ বিকলা যোগ করিলে ভারত সরকার কর্তৃক গৃহীত অয়নাংশ হইবে।

শতবার্ষিক সংস্কার

শকাব্দানুযায়ী লব্ধ সংস্কার অয়নাংশে যোজ্য

শকাব্দ	১৩০০	১৩৫০	১৪০০	১৪৫০	১৫০০	১৫৫০	১৬০০	১৬৫০	১৭০০
সংস্কার	+৩০″·২	+২৪″·৬	+১৯″·৭	+১৫″·৩	+১১″·৪	+৮″·২	+৫″·৪	+৩″·২	+১″·৬
শকাব্দ	১৭৫০	১৮০০	১৮৫০	১৯০০	১৯৫০	২০০০	২০৫০	২১০০	২১৫০
সংস্কার	+০″·৫	+০″·০	+০″·১	+০″·৭	+১″·৮	+৩″·৫	+৫″·৮	+৮″·৬	১১″·৯

মাসারম্ভকালের (১লা তারিখ) জন্য যোজ্য ক্ষেপ

মাস	অয়নাংশ*	রা	মাস	অয়নাংশ*	রা	মাস	অয়নাংশ*	রা
বৈশাখ	− ০″·৯	০	ভাদ্র	+১৮″·৫	১৮	পৌষ	+৩৩″·৫	৩৬
জ্যৈষ্ঠ	+ ৩·০	৫	আশ্বিন	+ ২১·৮	২৩	মাঘ	+ ৩৮·৮	৪১
আষাঢ়	+ ৮·২	৯	কার্তিক	+ ২৪·৮	২৭	ফাল্গুন	+ ৪৩·২	৪৫
শ্রাবণ	+১৩·৮	১৪	অগ্রহায়ণ	+ ২৮·৬	৩২	চৈত্র	+ ৪৬ ৪	৪৯

দ্রষ্টব্য :—উপরের তিনটি সারণী হইতে অয়নাংশ ও 'রা'এর মান লইয়া একত্র যোগ করিতে হইবে। 'রা'এর যোগফল ১০০০এর অধিক হইলে ১০০০ বাদ দিয়া লইতে হয়। আবশ্যক হইলে স্থলবিশেষে ১০০০ যোগ করিয়াও লওয়া যাইতে পারে।

অয়নাংশে রা-জনিত সংস্কার

'রা'	সংস্কার	'রা'	সংস্কার	'রা'	সংস্কার	'রা'	সংস্কার
০	+০″·০	২৫০	+১৭″·২	৫০০	−০″·০	৭৫০	−১৭″·২
২৫	২·৬	২৭৫	১৭ ১	৫২৫	২ ৮	৭৭৫	১৭·০
৫০	৫·২	৩০০	১৬·৫	৫৫০	৫·৫	৮০০	১৬·৩
৭৫	৭ ৭	৩২৫	১৫·৫	৫৭৫	৮·০	৮২৫	১৫·২
১০০	১০·০	৩৫০	১৪·১	৬০০	১০·৩	৮৫০	১৩·৮
১২৫	১২·০	৩৭৫	১২·৪	৬২৫	১২·৪	৮৭৫	১২·০
১৫০	১৩·৮	৪০০	১০·৩	৬৫০	১৪·১	৯০০	১০·০
১৭৫	১৫·২	৪২৫	৮·০	৬৭৫	১৫·৫	৯২৫	৭·৭
২০০	১৬·৩	৪৫০	৫·৫	৭০০	১৬·৫	৯৫০	৫·২
২২৫	১৭·০	৪৭৫	২·৮	৭২৫	১৭·১	৯৭৫	২·৬
২৫০	+১৭·২	৫০০	+০·০	৭৫০	−১৭·২	১০০০	−০·০

উদাহরণ (১) :—১৮৬১ শক, ১লা ভাদ্র তারিখে অয়নাংশ কত?

		অয়নাংশ	রা
১৮৬০	=	২২°।৫৮′।৪৯″·৩	৩৩৭
১	=	০। ০।৫০″·৩	৫৪
শতবার্ষিক সংস্কার	=	+ ০ ·২	...
ভাদ্র	=	+ ১৮·৫	১৮
তদ্দিবসের মধ্যম অয়নাংশ	=	২২।৫৯।৫৮·৩	৪০৯
রা=৪০৯, সুতরাং সংস্কার		+ ৯·৪	
∴ তদ্দিবসের স্পষ্ট অয়নাংশ	=	২৩। ০।৭·৭	

অয়নাংশে 'রা'-জনিত সংস্কার প্রয়োগ করিলে স্পষ্ট অয়নাংশ হয়

* সৌর সংস্কার যুক্ত

উদাহরণ (২) :—১৪০৭ শক, ফাল্গুনের প্রারম্ভে অয়নাংশ কত ?

		অয়নাংশ	রা
১৮০০	=	২২°।৮'।৩৩" ৮	১১৪
৭	=	০ ।৫।৫১'৮	৩৭৬
